কোটচাঁদপুরে সাবেক ইউপি চেয়ারম্যানের ইন্তেকাল

ঝিনাইদহের কোটচাঁদপুর উপজেলার ১নং সাফদারপুর ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান নওয়াজেশ আলী বিশ্বাস ইন্তেকাল করেছেন। (ইন্নালিল্লাহি…..রাজিউন)। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৭০ বছর। শুক্রবার সন্ধ্যায় চিকিৎসাধীন অবস্থায় তিনি ইন্তেকাল করেন।

মরহুম নওয়াজেশ আলী বিশ্বাস উপজেলার সাফদারপুর ইউনিয়নের বলরামনগর গ্রামের মৃত লাল মোহাম্মাদ বিশ্বাসের ছেলে ও বর্তমান ইউপি চেয়ারম্যান নওশের আলী নাসিরের বড় ভাই। এবং উপজেলা আ.লীগের সাধারণ সম্পাদক শাহাজান আলীর বড় মামা । মরহুম নওয়াজেশ আলী ৯০ এর দশকে গোল্ড ম্যাডেল প্রাপ্ত দুইবার নির্বাচিত চেয়ারম্যান। মৃত্যুকালে তিনি স্ত্রী ২ ছেলে ও ৪ মেয়ে সহ অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন।

রবিবার বেলা ১১ টায় নিজ গ্রামের ঈদগাহ ময়দানে মরহুমের জানাযা নামাজ শেষে পারিবারিক কবরস্থানে দাফন করা হয় । এসময় উপস্থিত ছিলেন, পৌর মেয়র জাহিদুল ইসলাম, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন ফারুক, এলাঙ্গী ইউপি চেয়ারম্যান মিজানুর রহমান খাঁন, কুশনা ইউপি চেয়ারম্যান আব্দুল হান্নান, দোড়া ইউপি চেয়ারম্যান কাবিল উদ্দীন, সাবেক উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান মোয়াবিয়া হুসাইন,বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক সহ স্থানীয় ইউপি সদস্য, আ.লীগ ও অঙ্গসংগঠনের নেতা-কর্মী এবং বিভিন্ন রাজনৈতিক, সামাজিক ও নানা শ্রেণী পেশার মানুষ।

এদিকে সাবেক ইউপি চেয়ারম্যান নওয়াজেশ আলীর মৃত্যুতে গভীর শোক ও শোকাহত পরিবারের প্রতি সমবেদনা জানিয়েছেন ঝিনাইদহ-৩ আসনের জাতীয় সংসদ সদস্য এ্যাড. শফিকুল আজম খাঁন চঞ্চল।

ঝিনাইদহ সাগান্না ইউনিয়নে শেখ রাসেলের জন্মদিন উৎযাপিত

ঝিনাইদহ সদর উপজেলার সাগান্না ইউনিয়ন আওয়ামী-যুবলীগের উদ্যোগে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের কনিষ্ঠ পুত্র শেখ রাসেলের ৫৭ তম জন্মদিন পালন করা হয়েছে।

রবিবার সন্ধ্যা ৭ টায় সাগান্না ইউনিয়ন আওয়ামী যুবলীগের উদ্যোগে ইউনিয়ন আওয়ামী লীগ কার্যালয়ে শেখ রাসেলের জন্মদিন উপলক্ষে আলোচনা সভা ও দোয়ার অনুষ্ঠানের আয়োজন করা হয়।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সাগান্না ইউনিয়ন যুবলীগের সভাপতি শেখ রুহুল আমিন। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সাগান্না ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি শেখ মো: মোজাম্মেল হোসেন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সাগান্না ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মুন্সী মো: শাহীন রেজা সাঈদ।

এছাড়াও উপস্থিত ছিলেন, সাগান্না ইউনিয়ন ওয়ার্ড আওয়ামী লীগের নেতৃবৃন্দ, যুবলীগ, ছাত্রলীগ, কৃষকলীগ, সে¦চ্ছাসেবকলীগ সহ অন্যান্য অঙ্গসংগঠনের নেতৃবৃন্দ।

আরও উপস্থিত ছিলেন, ৩ নং ওয়ার্ড আওয়ামী লীগ সভাপতি সাইফুল ইসলাম (ভারপ্রাপ্ত) ও সাধারণ সম্পাদক, সিরাজুল ইসলাম(ভারপ্রাপ্ত),৪ নং ওয়ার্ড আওয়ামী লীগ সভাপতি ও ইউনিয়ন আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক, মোখলেসুর রহমান শিলু (ভারপ্রাপ্ত) ও সাধারণ সম্পাদক, আলিমদ্দিন, ৫ নং ওয়ার্ড আওয়ামী লীগ সভাপতি আ: মান্নান ও সাধারণ সম্পাদক, শাহাদাৎ হোসেন সদা, ৬ নং ওয়ার্ড আওয়ামী লীগ সভাপতি, আ: সামাদ ও সাধারণ সম্পাদক, হারুন পাঠান, ৮ নং ওয়ার্ড আওয়ামী লীগ সভাপতি, আকরাম মালিতা (ভারপ্রাপ্ত) ও সাধারণ সম্পাদক, কাঈয়ুম মোল্লা, ৯ নং ওয়ার্ড আওয়ামী লীগ সভাপতি, সনজের আলী বিশ্বাস ও সাধারণ সম্পাদক, আরিফ সর্দার।

এছাড়াও আরও উপস্থিত ছিলেন সাগান্না ইউনিয়ন আওয়ামী লীগ সহ: সভাপতি, জহর মিয়া, সাংগঠনিক সম্পাদক মো: নাজমুল হক তুরফি, যুগ্ম সাধারণ সম্পাদক, গাজী আবদুল হালিম, সহ সাংগঠনিক সম্পাদক, আকবর হোসেন।

সাগান্না ইউনিয়ন কৃষক লীগ সাবেক সাধারণ সম্পাদক, আমির হোসেন। সাগান্না ইউনিয়ন কৃষক লীগ সাবেক সভাপতি রফিকুল ইসলাম উজ্জ্বল সহ অন্যান্য নেতৃবৃন্দ।

এছাড়াও উপস্থিত ছিলেন, সাগান্না ইউনিয়ন যুবলীগের যুগ্ম-আহবায়ক মো: ফজলু করিম ইউনিয়ন যুবলীগ নেতা মোহাম্মদ আলী, জাহাঙ্গীর আলম সহ অন্যান্য নেতৃবৃন্দ।

অনুষ্ঠানটি পরিচালক করেন, ইউনিয়ন যুবলীগের যুগ্ম আহবায়ক মো: ফজলু করিম।

ঝিনাইদহে শিক্ষানবিশ আইনজীবীদের মানববন্ধন

ঝিনাইদহে শিক্ষানবিশ আইনজীবীরা ৪ দফা দাবি আদায়ে মানববন্ধন কর্মসূচি পালন করেছে। আইনজীবী সনদ অধিকার আন্দোলন জেলা শাখার আয়োজনে রোববার সকালে শহরের পোস্ট অফিস মোড়ে এ কর্মসূচি পালিত হয়।

এতে ব্যানার ফেস্টুন নিয়ে সংগঠনটির নেতাকর্মীসহ শিক্ষানবিশ আইনজীবীরা অংশ নেয়। এসময় আইনজীবী সনদ অধিকার আন্দোলন জেলা শাখার আহ্বায়ক মশিয়ার রহমান, কেন্দ্রীয় সম্পাদক সুজন বিপ্লব, শিক্ষানবিশ আইনজীবী শফিকুল ইসলাম শিমুল, আবু তোয়াব অপু, কাজী দবরুল আলম শাহিন, সোহেলী আক্তার, তাসলিমা লাকি, পারুলা খাতুনসহ অন্যান্যরা বক্তব্য রাখেন।

এসময় বক্তারা, জটিল, সময়সাপেক্ষ ও হয়রানিমূলক তিন ধাপের পরীক্ষার নামে ছাঁটাই প্রক্রিয়া বাতিল, ন্যুনতম শিক্ষানবিশ ভাতা নির্ধারণ ও সংশ্লিষ্ট আইনজীবী সমিতির মাধ্যমে প্রাপ্তি নিশ্চিত করাসহ ৪ দফা দাবি বাস্তবায়নের দাবি জানান।

কালীগঞ্জে মাদকসহ দুই মাদক ব্যবসায়ী আটক

ঝিনাইদহের কালীগঞ্জ উপজেলার শ্রীরামপুর এলাকায় অভিযান চালিয়ে ৮৫ বোতল ফেনসিডিলসহ দুই মাদক ব্যবসায়ীকে আটক করেছে র্যাব-৬। শনিবার সন্ধ্যায় তাদের আটক করা হয়।

আটককৃতরা হলেন, কালীগঞ্জ উপজেলার চাপালী গ্রামের মৃত ফকির আহমেদ মন্ডলের ছেলে ইয়ানুর হোসেন ও জীবননগর কোর্টপাড়া এলাকার মৃত নওশের আলীর ছেলে মিকাইল হোসেন।

সিপিসি-২, ঝিনাইদহ র্যাব-৬ এর কোম্পানী কমান্ডার অতিরিক্ত পুলিশ সুপার মো: কামাল উদ্দিন জানান, গোপন সংবাদের ভিত্তিতে কালীগঞ্জ উপজেলার শ্রীরামপুর থেকে চাপালী সড়কে অভিযান চালিয়ে দুই মাদক ব্যবসায়ীকে আটক করা হয়েছে।

এ সময় তাদের কাছ থেকে ৮৫ বোতল ফেনসিডিল, ৩টি মোবাইল সেট ও ৬টি সিম কার্ড উদ্ধার করা হয়েছে।

আটকের পর তাদের কালীগঞ্জ থানায় হস্তান্তর করা হয় এবং তাদের বিরুদ্ধে কালীগঞ্জ থানায় মাদক নিয়ন্ত্রণ আইনে মামলা হয়েছে।

শৈলকুপাতে ধর্ষণ ও নারী নির্যাতন বিরোধী সচেতনতামূলক সভা অনুষ্ঠিত

সারা দশের ন্যায় ঝিনাইদহের শৈলকুপায় ধর্ষণ ও নারী নির্যাতন বিরোধী সচেতনতা মূলক সভা অনুষ্ঠিত হয়েছে। শনিবার (১৭ অক্টোবর)

শৈলকুপা থানা পুলিশের উদ্যোগে এ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

শৈলকুপা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা জাহাঙ্গীর আলম জানান শৈলকুপা উপজেলায় ১৪ টি ইউনিয়ন ও একটি পৌরসভা রয়েছে, এ উপজেলায় মোট ১৭ টি বিট পুলিশিং কার্যক্রম চালু আছে। সকল বিট পুলিশিং এলাকায় এ অনুষ্ঠান একযোগে অনুষ্ঠিত হয়েছে।

এ সময় উক্ত অনুষ্ঠানে ইভটিজিং, বাল্যবিবাহ, নারী ও শিশু নির্যাতন ধর্ষণ নির্যাতন সামাজিক অবক্ষয় সহ বিভিন্ন অপরাধমূলক কার্যক্রেমের বিরুদ্ধে জনসচেতনতা সৃষ্টিমূলক বক্তব্য রাখেন বক্তারা । চেয়ারম্যান ও বিট পুলিশিং কর্মকর্তার সমন্বয়ে প্রতিটি ইউনিয়নে এ কার্যক্রম অনুষ্ঠিত হয়েছে।

কোটচাঁদপুরে নারী ধর্ষণ ও নির্যাতন বিরোধী বিট পুলিশিং সমাবেশ অনুষ্ঠিত

“নারীর প্রতি সহিংসতা নিরসনে আপনার পুলিশ আপনার পাশে” এই শ্লোগান নিয়ে অপরাধ দমন এবং পুলিশি সেবা বাড়ীতে গিয়ে পৌঁছে দেওয়ার লক্ষে ঝিনাইদহের কোটচাঁদপুরে নারী ধর্ষণ ও নির্যাতন বিরোধী বিট পুলিশিং সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। শনিবার বেলা ১১ টার দিকে কোটচাঁদপুর মডেল থানার আয়োজনে স্থানীয় পৌর শহরের আদর্শ পাড়ার সনি আবাসিক হোটেল চত্বর, সলেমানপুর সাহেববাড়ি, ও কলেজ বাসস্ট্যান্ড এলাকা সহ উপজেলার ৫টি ইউনিয়ন বিট পুলিশিং এর সমাবেশ অনুষ্টিত হয়।

সমাবেশে ১ নং পৌর বিট পুলিশিং ইনচার্জ এসআই তৌফিক আনামের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, অতিরিক্ত পুলিশ সুপার (কোটচাঁদপুর সার্কেল) মোঃ মোহাইমিনুল ইসলাম।

বিশেষ অতিথি হিসেবে ছিলেন, পৌরসভার প্যানেল মেয়র আনারুল ইসলাম সেন্টু, ৩নং পৌর ওয়ার্ড কাউন্সিলর ফারুকুল আলম খোকন, ২নং পৌর

ওয়ার্ড কাউন্সিলর রেজাউল ইসলাম পাঠান, সংরক্ষিত মহিলা কাউন্সিলর হোসনে আরা।

২ নং পৌর বিট পুলিশিং ইনচার্জ এসআই আব্দুস সাত্তারের সভাপতিত্বে সমাবেশে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পৌর ফাঁড়ী ইনচার্জ ইন্সপেক্টর আক্তারুজ্জামান লিটন।

বিশেষ অতিথি হিসেবে ছিলেন সাবেক মুক্তিাযোদ্ধা কমান্ডার তাজুল ইসলাম, ৫নং পৌর ওয়ার্ড কাউন্সিলর কামাল হোসেন, ৪নং পৌর ওয়ার্ড কাউন্সিলর জাফর ইকবাল শান্তি, ৬নং পৌর ওয়ার্ড কাউন্সিলর আব্দুল হাই টিটু, সংরক্ষিত মহিলা কাউন্সিলর সুচিত্রা মালাকার, আ.লীগের মহিলা নেত্রী রুবিনা রহমান।

অন্যদিকে ৩ নং পৌর বিট পুলিশিং ইনচার্জ এসআই মাসুদুর রহমানের সভাপতিত্বে সমাবেশে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, থানার অফিসার ইনচার্জ মাহবুবুল আলম। বিশেষ অতিথি হিসেবে ছিলেন, পৌর আ.লীগের আহ্বায়ক ফারজেল হোসেন মন্ডল, ৭নং পৌর ওয়ার্ড কাউন্সিলর শারাফত হোসেন, ৮নং পৌর ওয়ার্ড কাউন্সিলর মো: সোহেল আল মামুন, সংরক্ষিত মহিলা কাউন্সিলর নাসিমা খাতুন সহ বিভিন্ন শ্রেণী পেশার নারী পুরুষ।

এছাড়াও উপজেলার ৫টি ইউনিয়নে বিট পুলিশিং সমাবেশে অনুষ্ঠিত হয়। সমাবেশে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান সহ, রাজনৈতিক, সামাজিক, সাংবাদিক ও নানা শ্রেণী পেশার মানুষ উপস্থিত ছিলেন।

ঝিনাইদহে নারী ধর্ষণ ও নির্যাতন বিরোধী বিট পুলিশিং সমাবেশ অনুষ্ঠিত

‘নিরাপদ দেশ গড়ি, নারী নির্যাতন বন্ধ করি’ এ শ্লোগানকে সামনে রেখে ঝিনাইদহে নারী ধর্ষণ ও নির্যাতন বিরোধী বিট পুলিশিং সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

শনিবার সকালে শহরের জোহান ড্রীম ভ্যালী পার্ক মিলনায়তনে এ সমাবেশের আয়োজন করেন সদর থানা পুলিশ। এতে ঝিনাইদহের অতিরিক্ত পুলিশ সুপার আনোয়ার সাঈদ, সদর থানার ওসি মিজানুর রহমান, সিও সংস্থার নির্বাহী পরিচালক সামসুল আলম, জোহান ড্রীম ভ্যালী পার্কের সত্ত্বাধিকারী মোয়াজ্জেম হোসেন প্রমুখ। সমাবেশে মসজিদের ইমাম, শিক্ষকসহ নানা শ্রেণী পেশার মানুষ অংশ নেয়।

এসময় বক্তারা, নারী ধর্ষণ ও নির্যাতন বন্ধে সমাজের সর্বস্তরের মানুষকে কাজ করার আহ্বান জানান। জেলা পুলিশের আয়োজনে একই সময়ে জেলার ৬ উপজেলার বিভিন্ন স্থানে নারী ধর্ষণ ও নির্যাতন বিরোধী বিট পুলিশিং সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

কালীগঞ্জে ধর্ষণ ও নারী নির্যাতনের প্রতিবাদে সমাবেশ করেছে বিট পুলিশ

ঝিনাইদহের কালীগঞ্জে ধর্ষণ ও নারী নির্যাতনের প্রতিবাদে বিট পুলিশিং সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। শনিবার সকালে কালীগঞ্জ উপজেলার ১৪টি বিটে একযোগে এ সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

কালীগঞ্জ থানার ২নং বিটে সমাবেশে কালীগঞ্জ থানার অফিসার ইনচার্জ মুহা: মাহফুজুর রহমান মিয়ার সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ-৪ আসনের সংসদ সদস্য আনোয়ারুল আজীম আনার। এছাড়াও উপস্থিত ছিলেন কালীগঞ্জ পৌরসভার মেয়র আশরাফুল আলম আশরাফ, পৌর কাউন্সিলর আনোয়ার হোসেন, ২নং বিট পুলিশিং এর ইনচার্জ এসআই রিফাত ইমরান প্রমুখ।

এদিকে ১নং বিটের ইনচার্জ কালীগঞ্জ থানার সেকেন্ড অফিসার মনজুরুল ইসলামের সভাপতিত্বে ধর্ষণ ও নারী নির্যাতনের প্রতিবাদে সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। বক্তব্য রাখেন কালীগঞ্জ পৌরসভার কাউন্সিলর ফাইজুর রহমান চুন্নু, বাংলাদেশ পূজা উদযাপন পরিষদের কালীগঞ্জ উপজেলা শাখার সাধারণ সম্পাদক প্রশান্ত কুমার খাঁ প্রমুখ।

প্রতিবাদ সমাবেশে বক্তারা ধর্ষণ ও নারী নির্যাতন সামাজিকভাবে মোকাবেলা করার প্রত্যয় ব্যক্ত করেন।

কোটচাঁদপুরে বিদ্যুৎস্পৃষ্টে শিশুর মৃত্যু

ঝিনাইদহের কোটচাঁদপুরে বিদ্যুৎস্পৃষ্টে রাইসা নামে এক বছরের শিশুর মর্মান্তিক মৃত্যু হয়েছে। গতকাল শনিবার বেলা ১২ টার দিকে উপজেলার সাফদারপুর ইউনিয়নের রাজাপুর গ্রামে এ দুর্ঘটনা ঘটে। নিহত রাইসা মহেশপুর উপজেলার কদমতলা গ্রামের রাসেলের কন্যা।

পুলিশ জানায়, নিহত রাইসা উপজেলার সাফফদাপুর ইউনিয়নের রাজাপুর গ্রামের শহিদুল ইসলামের নাতনী। নানা বাড়ি বেড়াতে এসে শনিবার সকালে ঘরের বারান্দায় খেলা করা অবস্থায় বৈদ্যুতিক প্লাগে হাত দেয়।

এসময় শিশুটি বিদ্যুতায়িত হলে পরিবারের সদস্যরা তাকে উদ্ধার করে কোটচাঁদপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক ডা. নির্ঝার কুমার সাহা তাকে মৃত ঘোষণা করেন।

কোটচাঁদপুর মডেল থানার অফিসার ইনচার্জ মাহবুবুল আলম ঘটনার সত্যতা নিশ্চিত করে জানান, খবর পেয়ে আমি ঘটনাস্থল পরিদর্শন করেছি।

ঝিনাইদহে পরিবহণ শ্রমিকদের

মাঝে আর্থিক অনুদান প্রদান

ঝিনাইদহে মৃতের পরিবার ও অবসরপ্রাপ্ত পরিবহণ শ্রমিকদের মাঝে আর্থিক সহায়তা প্রদাণ করা হয়েছে। গতকাল শনিবার দুপুরে শহরের চুয়াডাঙ্গা বাসস্ট্যান্ড চত্বরে জেলা বাস মিনিবাস কোচ ও মাইক্রোবাস শ্রমিক ইউনিয়নের পক্ষ থেকে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়।

ঝিনাইদহ জেলা বাসমিনিবাস শ্রমিক ইউনিয়নের সভাপতি ওয়ালিয়ার রহমান খানের সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ-২ আসনের সংসদ সদস্য তাহজীব আলম সিদ্দিকী সমি।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক মাহমুদুল ইসলাম ফোটন, সদর উপজেলা চেয়ারম্যান এ্যাডঃ আব্দুর রশিদ, উপজেলা নির্বাহী কর্মকর্তা বদরুদ্দোজা শুভ, সদর থানা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক শহিদুল ইসলাম হিরন, বাস মিনিবাস শ্রমিক ইউনিয়নের সাধারণ সম্পাদক আশরাফুজ জামান খোকন। অনুষ্ঠান পরিচালনা করেন নলডাঙ্গা ইউনিয়নের সাবেক চেয়ারম্যান রবিউল ইসলাম রবি।

এসময় ১৩ জন মৃত ও ২ জন অবসরপ্রাপ্ত পরিবহণ শ্রমিকদের পরিবারের মাঝে এককালীন ৬ লাখ ২৫ হাজার টাকা বিতরণ করা হয়।